# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**01 JUNE 2026** **7:45—7:55 PM**

---

১) ২০২৩-২৪ বর্ষের জাতীয় পরিবার স্বাস্থ্য জরিপের প্রতিবেদনে আসামের চমকপ্রদ সাফল্য ।

২) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার নতুন দিল্লীতে উপ রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণের সঙ্গে সাক্ষাৎ / রাজ্যের উন্নয়ন সম্পর্কে আলোচনা ।

৩) মণিপুর ,মেঘালয় ,অরুণাচল প্রদেশ ও মিজোরামের একটি করে আসন সহ ১০ টি রাজ্যের ২৪ টি রাজ্যসভা আসনের দ্বিবার্ষিক নির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি ।

এবং

৪) প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্পের ৬ বছর পূর্তী উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শুভেচ্ছা জ্ঞাপন ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় আজ ২০২৩-২৪ বর্ষের জাতীয় পরিবার স্বাস্থ্য জরীপের ষষ্ঠ প্রতিবেদন প্রকাশ করেছে । মন্ত্রনালয়ের অধীন আর্ন্তজাতিক জনসংখ্যা বিজ্ঞান প্রতিষ্ঠানের প্রস্তুত করা প্রতিবেদনের তথ্য অনুসারে আসাম বেশ কয়েকটি ক্ষেত্রে পূর্বের তুলনায় অভুতপূর্ব সফলতা অর্জন করেছে । রাজ্যে দীর্ঘদিন ধরে চলা বাল্যবিবাহ বিরোধী সচেতনতা ও সরকারী পদক্ষেপের ইতিবাচক প্রভাব প্রতিবেদনে স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে । মহিলা সবলীকরণ ও ডিজিটেল আসামের ক্ষেত্রেও উল্লেখযোগ্য অগ্রগতি পরিলক্ষিত হয়েছে । রাজ্যে ১০ বছরেরও অধিক সময় বিদ্যালয়ে যাওয়া মহিলার সংখ্যা ২৯ দশমিক ৬ শতাংশ থেকে ৩৭ দশমিক ১ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে । ফলে রাজ্যে ইন্টারনেট ব্যাবহারকারী মহিলার সংখ্যা পূর্বের ২৮ দশমিক ২ শতাংশ থেকে প্রায় দ্বিগুণ বৃদ্ধি পেয়ে ৫৩ দশমিক ৫ শতাংশ স্পর্শ করেছে ।

মা ও শিশুর স্বাস্থ্যের ক্ষেত্রেও আসাম আশানুরূপ সফলতা লাভ করেছে । চিকিৎসালয় অথবা স্বাস্থ্যকেন্দ্রে সন্তান প্রসবের হার ৮৪ শতাংশ থেকে প্রায় ৮৮ শতাংশে বৃদ্ধি পাওয়া সহ এক বছর থেকে দুবছরের শিশুর সম্পূর্ণ টীকাকরণের হার পূর্বের ৬৬ দশমিক ৭ শতাংশ থেকে ৮১ দশমিক ৭ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে ।
শিশুর পুষ্টিহীনতা দূর করার ক্ষেত্রেও আসাম গতিলাভ করেছে । পাঁচ বছর অনূর্ধ্ব শিশুর ক্ষেত্রে দেখা দেওয়া শারিরীক বৃদ্ধির প্রতিবন্ধকতার হার ৩৫ দশমিক তিন শতাংশ থেকে ৩০ দশমিক তিন শতাংশ পর্যন্ত এবং কম ওজনের শিশুর হার ৩২ দশমিক ৮ শতাংশ থেকে ৩০ দশমিক ৭ শতাংশ পর্যন্ত হ্রাস পেয়েছে । বিশেষজ্ঞদের মতে গত কয়েক বছর রাজ্যে রূপায়িত হওয়া বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প ও তৃণমূল পর্যায়ের কর্মীদের নিরন্তর প্রয়াসের জন্যই আসাম এই সফলতা অর্জন করতে সক্ষম হয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ নতুনদিল্লীতে উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণের সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যের উন্নয়নের গতি সম্পর্কে উপরাষ্ট্রপতিকে অবগত করান । সামাজিক মাধ্যমে একথা জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে সততা এবং নিষ্ঠার সঙ্গে জনসেবার ক্ষেত্রে নজির সৃষ্টি করা শ্রী রাধাকৃষ্ণণের সঙ্গে সাক্ষাৎ করা এক শিক্ষণীয় অভিজ্ঞতা । মুখ্যমন্ত্রী আগামীদিনে উপরাষ্ট্রপতির কাছ থেকে পরামর্শ এবং সহযোগিতা কামনা করেন ।
মুখ্যমন্ত্রী আজ কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডার সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রের উন্নয়নের জন্য তাঁর নিরন্তর প্রয়াসের জন্য তাঁকে ধন্যবাদ জানান ।এদিকে আসামকে দেশের ক্রীড়ার প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা কেন্দ্রীয় সরকারের সহযোগিতা কামনা করেন ।মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আজ কেন্দ্রীয় শ্রম ও নিয়োগ তথা যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডব্যর সঙ্গে সাক্ষাৎ করে আসামের ক্রীড়া ক্ষেত্রের পরিকাঠামো উন্নয়ন সম্পর্কে আলোচনা করেন ।এক্স হ্যান্ডেলে এক বার্তায় মুখ্যমন্ত্রী এই বিষয়ে জানান । উল্লেখ্য আসাম সরকার রাজ্যের ক্রীড়া পরিকাঠামোর বিকাশ সহ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত করার জন্য প্রস্তুতি চালিয়ে যাচ্ছে । এছাড়া রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ক্রীড়া প্রতিভা বিকশিত করে তোলার জন্যও সরকার প্রয়াস অব্যাহত রেখেছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

১০ টি রাজ্যের ২৪ টি রাজ্যসভা আসনের দ্বিবার্ষিক নির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে । মণিপুর ,মেঘালয় ,অরুণাচল প্রদেশ ও মিজোরামের একটি করে

আসন সহ অন্ধ্রপ্রদেশ ,গুজরাট ও কর্নাটকের ৪ টি করে ,রাজস্থান ও মধ্যপ্রদেশে তিনটি করে এবং ঝাড়খন্ডে দুটি আসনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে । চলতি মাসে রাজ্যসভার সদস্য হিসেবে কার্যকাল সম্পূর্ন করা নেতাদের মধ্যে প্রাক্তন প্রধানমন্ত্রী তথা জে ডি এসের নেতা এইচ ডি দেবেগৌরা ,কেন্দ্রীয় মন্ত্রী তথা বি জে পি নেতা জর্জ কুরিয়ান ও রওনীত সিং ,রাজ্যসভার বিরোধী পক্ষের নেতা তথা কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খারগে অন্যতম ।
রাজ্যসভার দ্বিবার্ষিক নির্বাচনের জন্য মনোনয়নপত্র আজ থেকে ৮ জুন পর্যন্ত দাখিল করা যাবে । ১৮ জুন ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে এবং সেইদিনই ভোটগণনা করা হবে ।

--------------------------------------------------------------------------------

আগামী ৫ জুন রাজ্য মন্ত্রীসভার সম্প্রসারণ ঘটানো হবে ।খানাপারার জ্যোতিবিষ্ণু প্রেক্ষাগৃহে এই শপথগ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হবে বলে সরকারী সূত্রে জানানো হয়েছে । উল্লেখ্য মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা নতুনদিল্লীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করার পর গতকাল একথা ঘোষণা করেন ।এদিকে বিধায়ক তথা প্রাক্তন মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া আজ সাংবাদিকদের সঙ্গে মন্ত্রীসভা সম্প্রসারণ সম্পর্কে বিস্তারিত জানান ।তিনি বলেন যে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা এবং দলের কেন্দ্রীয় নেতৃত্ব মন্ত্রীত্ব প্রদান সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে ।তিনি জানান ------------

# বাইট #

--------------------------------------------------------------------------------

সুপ্রিম কোর্টে ৫ জন নতুন বিচারপতি নিয়োগ করা হয়েছে ।সুপ্রিম কোর্টের মুখ্যবিচারপতি সহ এই নতুন নিযুক্তির মাধ্যমে সর্বোচ্চ আদালতে বিচারপতির সংখ্যা ৩৭ জনে বৃদ্ধি পেয়েছে ।কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল সামাজিক মাধ্যমে একথা জানিয়ে বলেন যে মুখ্য বিচারপতির সঙ্গে আলোচনা করে রাষ্ট্রপতি ৫ জন বিচারপতিকে নিযুক্তি প্রদান করেছেন ।

--------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্পের আজ ছয় বছর সম্পূর্ণ হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই প্রকল্পের ষষ্ঠ বর্ষপূর্তি উপলক্ষ্যে শুভেচ্ছা জ্ঞাপন করে বলেন যে পি এম স্বনিধি প্রকল্প ফুটপাথের অগণিত ব্যবসায়ীকে আর্থিক অর্ন্তভুক্তি ,নতুন সুযোগ সুবিধা লাভ এবং আমানতবিহীন ঋণের সুবিধা গ্রহণ করার ক্ষেত্রে সহায়তা করেছে । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন যে এই প্রকল্প বিশ্বাস ,মর্যাদা এবং সবলীকরনের প্রতীক । প্রধানমন্ত্রী হিতাধিকারীদের শুভেচ্ছা জ্ঞাপন করে বলেন যে তাঁদের দৃঢ়তা ও উদ্যম দেশের অর্থনীতি শক্তিশালী করার ক্ষেত্রে সহায়তা করবে । উল্লেখ্য ২০২০ সালে

এই প্রকল্পের সূচনা থেকে এ পর্যন্ত ১ কোটি ১২ লক্ষ টাকারও অধিক ঋণ বিতরণ করা হয়েছে । ২০৩০ সালের মার্চ পর্যন্ত এই প্রকল্পের সম্প্রসারণ করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

ভারতীয় সঙ্গীত জগতের কিংবদন্তি গায়িকা সুমন কল্যানপুর গতকাল মুম্বাইয়ে নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৮৯ । প্রবীন এই সঙ্গীত শিল্পী ১৯৫০ সাল থেকে ১৯৭০ পর্য্যন্ত হিন্দী , বাংলা , অসমীয়া , মারাঠি সহ সব ভারতীয় ভাষায় সঙ্গীতে কণ্ঠদান করেছেন । ১৯৩৭ সালের ২৮শে জানুয়ারী বাংলাদেশের ঢাকায় জন্মগ্রহন করা সুমন কল্যানপুর ১৯৫০ সালের মধ্যভাগে প্রথম হিন্দী ছবি গান গেয়েছিলেন । তার বিখ্যাত গানগুলির মধ্যে রয়েছে- আজকাল তেড়ে মেরে প্যার কে চর্চে , না না করকে প্যার , তুমনে পুকাড়া ওর হম চলে আয়ে ইত্যাদি । ডক্টর ভূপেন হাজারিকার পরিচালনা , প্রযোজনা এবং সুরে সাজানো জনপ্রিয় অসমিয়া ছায়াছবি প্রতিধ্বনিতে কণ্ঠ দিয়েছেন । এছাড়া সুমন কল্যানপুর অসমীয়া ছবি পোনাকন , চিকমিক বিজুলী , কাঁচঘর , নয়নমনিতে কণ্ঠ দিয়েছেন ।

সুমন কল্যানপুরের মৃত্যুতে মহারাষ্ট্রের রাজ্যপাল জিষ্ণু দেববর্মা , মূখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ , উপ-মূখ্যমন্ত্রী একনাথ শিন্ডে , কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গাডকারী এবং আসামের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা গভীর শোক প্রকাশ করেছেন ।

------------------------------------------------------------------------------------------

সমগ্র শিক্ষা অসমের উদ্যোগে আগামী ৯ই জুন থেকে তৃতীয় থেকে অষ্টম শ্রেনীর ছাত্র-ছাত্রীদের জন্য নিয়মিত মান নিরূপন পরীক্ষার প্রথম পর্য্যায় অনুষ্ঠিত হবে বলে ঘোষনা করা হয়েছে । শিক্ষাবর্ষের শুরুতে ছাত্র-ছাত্রীদের শিক্ষার মূল্যায়নের লক্ষ্যে অনুষ্ঠেয় এই পদক্ষেপের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের শিক্ষার ক্ষেত্রে অসুবিধা এবং এ ক্ষেত্রে গ্রহন করা ব্যবস্থাগুলি নির্ধারন করা হবে । সমগ্র শিক্ষা অসমের মিশন সঞ্চালকের জারী করা বিজ্ঞপ্তী অনুসারে তৃতীয় থেকে পঞ্চম শ্রেনী পর্য্যন্ত ৯ই জুন থেকে ১২ই জুন এবং ষষ্ট শ্রেনী থেকে অষ্টম শ্রেনী পর্য্যন্ত ১৬ই জুন এই মান নিরূপন পরীক্ষা অনুষ্ঠিত হবে ।

------------------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ শ্রী শ্রী মাধব দেবের ৫৩৭ তম আর্বিভাব মহোৎসব পালন করা হয়েছে ।এ উপলক্ষে আজ সকাল থৈকে সত্র , নামঘর গুলোতে নাম কীর্তন , ঘোষা , ভাগবত পাঠ , ধর্মসভা , ভাওনা ইত্যাদির আয়োজন করা হয় ।শ্রী শ্রী মাধব দেবের জন্মস্থান লক্ষিমপুর জেলার নারায়ণপুরের লেতেকু পুখুরিতে বিশেষ অনুষ্ঠানের

আয়োজন করা হয়েছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল শ্রী শ্রী মাধব দেবের আবির্ভাব তিথি উপলক্ষে তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন ।
শিলচর বড় নামঘরে আজ এ উপলক্ষে সকাল থৈকে ভাগবত পাঠ , নাম প্রসঙ্গ , দিহানাম ইত্যাদির আয়োজন করা হয়েছে।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি শহরের দীর্ঘ দিনের বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে একটি নাগরিক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় শ্রীভূমি শহরের বেহাল সড়ক , ক্রমবর্ধমান যানযট , অপর্য্যাপ্ত জল নিষ্কাশন ব্যবস্থা সহ বিভিন্ন নাগরিক সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় । সভায় উত্তর করিমগঞ্জের বিধায়ক জাকারিয়া আহমেদ , পাথারকান্দির বিধায়ক কৃষ্ণেন্দু পাল , দক্ষিন করিমগঞ্জের বিধায়ক আমিনুর রশিদ চৌধুরী , বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বণিক , জেলা কংগ্রেসের সভাপতি তাপস পুরকায়স্থ , প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ গতকাল রাতে বিশেষ অভিযান চালিয়ে লালার নাবালিকা নির্যাতন মামলার মূল অভিযুক্ত ২৭ বছর বয়সী মুদাচ্ছির হোসেন লস্করকে গ্রেপ্তার করে এবং আজ আদালতে হাজির করা হয় । তদন্তের স্বার্থে আদালত ধৃত ব্যাক্তিকে তিন দিনের পুলিশ রিমান্ডে পাঠানোর নির্দেশ দিয়েছে । উল্লেখ্য লালা থানার অধীন একটি গ্রামের নাবালক মেয়েকে  কিছুদিন পূর্বে বলপূর্বক নির্যাতন করা হয় । মেয়ের উপর হওয়া এই অন্যায়ের বিচার করতে চাইল্ড ওয়েল ফেয়ার কমিটি লালা থানায় একটি মামলা দায়ের করে । এর পরিপ্রেক্ষিতে পুলিশ মুদাচ্ছির হোসেন লস্করকে গ্রেপ্তার করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------------